গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩২.৯৯.১০৩.১৭.৫৪ তারিখ: ১৫ মাঘ ১৪৩০
২৯ জানুয়ারি ২০২৪

বিষয়: **ইনোভেশন ও স্মার্ট বাংলাদেশ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ক কমিটি গঠন।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩২.১৮.০০১.২৩-৭৭ ; তারিখ: ১৬/১১/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে রূপকল্প-২০৪১ এর অভীষ্ট স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নাগরিককেন্দ্রিক, স্বচ্ছ ও জবাবদিহিমূলক এবং কাগজবিহীন, উপাত্তনির্ভর, আন্ত:সংযুক্তি, আন্ত:চালিত, সমন্বিত স্বয়ংক্রিয় স্মার্ট সরকার ব্যবস্থা নিশ্চিতকরণে পানি সম্পদ মন্ত্রণালয়ের ইনোভেশন কমিটি নির্দেশক্রমে পুন:গঠন করা হলো:

নং	কর্মকর্তার নাম ও পদবি	
১.	যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)	চীফ ইনোভেশন অফিসার
২.	যুগ্মসচিব (উন্নয়ন-১ অধিশাখা)	সদস্য
৩.	উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন -২ শাখা)	সদস্য
৪.	উপসচিব/সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-১ শাখা)	সদস্য
৫.	উপসচিব/সিনিয়র সহকারী সচিব (RM& PR)	সদস্য
৬.	উপসচিব/সিনিয়র সহকারী সচিব (অডিট)	সদস্য
৭.	সিস্টেম এনালিস্ট	সদস্য
৮.	প্রোগ্রামার	সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট

২। কমিটির কার্যপরিধি(ToR):

(ক) স্মার্ট বাংলাদেশ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা;

(খ) নিজ/আওতাধীন দপ্তরের সেবা প্রদান প্রক্রিয়া, কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়া এবং ডাটা-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;

(গ) এই সংক্রান্ত কার্যক্রমের বাৎরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ বাস্তবায়ন;

(ঘ) প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;

(ঙ) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয়সাধন;

(চ) প্রতি বৎসর ৩১ জুলাই-এর মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা-মন্ত্রিপরিষদ

বিভাগে প্রেরণ এবং স্বীয় ওয়েবসাইটে প্রকাশ;
(ছ) ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট সিটিজেন, স্মার্ট গভর্নমেন্ট, স্মার্ট সোসাইটি ও স্মার্ট ইকোনমি গাড়ির বিভিন্ন ডিজিটাইজেশন উদ্যোগ গ্রহণ, সরকার কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন ডিজিটাইজেশন উদ্যোগ আত্মীকরণ ও বাস্তবায়ন এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ, তদারকি ও মূল্যায়নের ব্যবস্থাকরণ;
(জ) পরিবর্তনের রূপকার হিসাবে (স্বীয় কার্যালয়ে) সেবা প্রদান, অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়া এবং ডাটা-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়িয়া তোলা এবং প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিমের সদস্যগণের কর্মস্পৃহার বিকাশসাধন;
(ঝ) নিজ/আওতাধীন দপ্তরের আইসিটি, ডিজিটাল লিডারশিপ, ডাটা গভর্নেন্স, ওপেন ডাটা, ডাটা লিডারশিপ, ডাটা এনালাইটিক্স, ডাটা ভিজুয়ালাইজেশন ও সকল উদ্ভাবনী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজকর্মে উদ্ভাবন ও উৎসাহিতকরণ, ডাটা-ভিত্তিক প্রজেক্ট গ্রহণ, বাস্তবায়ন, তদারকি এবং সরকারি ডাটা সেন্টারে ডাটা সংরক্ষণ, ডাটা আদান প্রদান সহজলভ্যতা নিশ্চিতকরণ, ডাটা-নির্ভর সিদ্ধান্ত গ্রহণের সংস্কৃতির বিকাশ এবং ডাটা লিডারশিপ ও উন্নত প্রযুক্তির প্রয়োগ অগ্রাধিকার প্রদান এবং সমন্বয়সাধন;
(ঞ) নিজ/আওতাধীন দপ্তরের সকল সেবাকে ই-সেবায় রূপান্তরে সমন্বয়, নিজ/আওতাধীন দপ্তরে নির্মিত সফটওয়্যারের সোর্স-কে ভেন্ডরের নিকট হইতে বুঝিয়া নেওয়া ও সুরক্ষিতকরণে পদক্ষেপ গ্রহণ, সফটওয়্যার কোয়ালিটি টেস্টিং সার্টিফিকেট নিশ্চিতকরণ, ই-সেবা বাস্তবায়নে “মাইগভ” এর মাধ্যমে সেবা প্রদান, ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে আদান-প্রদান এবং দাপ্তরিক কাজে সরকারি ই-মেইল ব্যবহারে উদ্বদ্ধকরণ;
(ট) নিজ/আওতাধীন দপ্তরের যাবতীয় তথ্যাবলির সন্নিবেশ করিয়া প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরি ও হালনাগাদ রাখিবার ব্যবস্থা গ্রহণ এবং কার্যালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ এবং আরএমএস ও জিআরএস ব্যবহার নিশ্চিতকরণ;
(ঠ) সরকারি-বেসরকারি সেবা তৈরিতে নাগরিক ও সরকারের অধিকতর সমন্বয় নিশ্চিতকল্পে ই-পার্টিসিপেশন বৃদ্ধিতে পদক্ষেপ গ্রহণ; এবং ই-ইক্যুয়ালিটি নিশ্চিতকরণের মাধ্যমে ডিজিটাল বৈষম্য হ্রাসকল্পে উদ্যোগ গ্রহণ;
(ড) নিজ/আওতাধীন দপ্তরের উদ্ভাবনী উদ্যোগসমূহে চতুর্থ শিল্প বিপ্লব/অগ্রসরমান প্রযুক্তির প্রয়োগ/ব্যবহার বৃদ্ধিকরণ এবং এ সকল প্রযুক্তিকে সম্পৃক্ত করিয়া নাগরিককেন্দ্রিক স্মার্ট সেবা প্রদান নিশ্চিতকরণ;
(ঢ) নিজ/আওতাধীন দপ্তরের কোনো উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং সফলভাবে বাস্তবায়িত হইলে সম্ভাব্যতা যাচাইপূর্বক তা স্কেল-আপের ব্যবস্থা গ্রহণ এবং স্কেল-আপ হওয়া সফল উদ্ভাবনী উদ্যোগসমূহ অব্যাহত রাখিতে প্রয়োজনীয় তদারকি ও সহযোগতা প্রদান;
(ণ) নিজ দপ্তরের কার্য/সেবার অনুরূপ কোনো কার্য/সেবার ক্ষেত্রে অন্যান্য সংস্থা’র কোনো উদ্ভাবনী উদ্যোগসমূহ অনুসন্ধান করা এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্য সংস্থা’র সফল উদ্যোগ প্রয়োজনীয় পরিমার্জনপূর্বক নিজ দপ্তরে অনুকরণ/অনুসরণের জন্য ব্যবস্থা গ্রহণ;
(ত) নাগরিকসেবা সহজীকরণ (service process simplification)-এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;
(থ) সাইবার নিরাপত্তা ও উপাত্ত সুরক্ষা নিশ্চিতকরণে উদ্যোগ গ্রহণ;
(দ) বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার (BNDA)-এর আওতায় আইসিটি কার্যক্রমকে আদর্শমান আনয়ন (standardization) এবং ইন্টিগ্রেশন ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ;
(ধ) জাতীয় আইসিটি নীতিমালা ২০১৮ এ বর্ণিত ICT Action Plan -এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;
(ন) স্ব স্ব কার্যালয়ের আইসিটি কার্যক্রমের বাজেট তৈরি, প্রকল্প গ্রহণ, অর্থায়নের ব্যবস্থা গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন; এবং
(প) তথ্য অধিকার আইন অনুসারে স্ব স্ব কার্যালয়ের নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সহিত সমন্বয়সাধন।

৩। এতদদ্বারা এ সংক্রান্ত পূর্বের আদেশটি রহিত করা হলো।
৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

২৯-১-২০২৪

সুজিত হাওলাদার
উপসচিব
ফোন: ৫৫১০০৭০১
ইমেইল: admin2@mowr.gov.bd

বিতরণ :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সিনিয়র মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ

দৃষ্টি আকর্ষণঃ জনাব মো: ছাইফুল ইসলাম, যুগ্মসচিব, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩২.৯৯.১০৩.১৭.৫৪/১(১০)

তারিখ: ১৫ মাঘ ১৪৩০
২৯ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জনাব আব্দুল লতিফ মোল্লা, যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

২) জনাব মোহাম্মদ লুৎফুর রহমান, যুগ্মসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

৪) জনাব সুজিত হাওলাদার, উপসচিব, প্রশাসন-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

৫) জনাব শাহ ইয়ামিন উল ইসলাম, উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

৬) জনাব মেহরুবা ইসলাম, সিনিয়র সহকারী সচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি সেল, পানি সম্পদ মন্ত্রণালয়

৭) জনাব মো: দেলোয়ার হোসেন, সিনিয়র সহকারী সচিব, অডিট শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

৮) জনাব মোহা: শহীদুল্লাহ কায়সার, সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়

৯) জনাব মোহা: ইউসুফ হারুন খান, প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়

১০) অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়

২৯-১-২০২৪

সুজিত হাওলাদার
উপসচিব